

সেন্টার ফর ল্যাঙ্গুয়েজেস

ব্র্যাক ইউনিভার্সিটিতে সম্প্রতি সেন্টার ফর ল্যাঙ্গুয়েজেস চালু হয়েছে। এই সেন্টার বাংলা ছাড়াও স্প্যানিশ, ফ্রেঞ্চ, চীনা, রাশিয়ান ও অন্যান্য বিদেশি ভাষার মৌলিক ও সাধারণ বিষয়ের ওপর কোর্স চালু করবে। গত বৃহস্পতিবার ব্র্যাক সেন্টারে এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাক ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর ড. সালেহউদ্দীন আহমেদ। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মাহমুদ হাসান, বিজনেস স্কুলের ডিন অধ্যাপক ইফতেখার গণি চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।—**বিজ্ঞপ্তি**